**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 15-06-2025** **Desk in Charge: SDG**
**Time : 7.35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে 'স্কুল সার্ভিস কমিশনে'র শিক্ষক নিয়োগ পরীক্ষার ফর্ম-ফিলাপ শুরু হচ্ছে আগামীকাল।

# পরীক্ষায় না বসার সিদ্ধান্তে অনড়, চাকরীহারা যোগ্য শিক্ষকরা।

২/ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে রাজ্যের কলেজ ও বিশ্ব বিদ্যালয়গুলির স্নাতক স্তরের প্রথম সেমেস্টারের ক্লাস আগামী পয়লা আগস্ট শুরু হচ্ছে ।

৩/ মহেশতলায় গত ১১ই জুন-এর হিংসার ঘটনার পরিপ্রেক্ষিতে, NIA তদন্তের দাবি জানিয়েছে বিজেপি ।

৪/ রাজ্য সরকার, উত্তরবঙ্গের এক শৃঙ্গ গন্ডারের প্রজনন সক্ষমতা ও গড় আয়ু বৃদ্ধিতে উদ্যোগী হচ্ছে ।

৫/ ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিনে বৃষ্টির পূর্বাভাস।

**********************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষায় ফর্ম ফিল-আপ শুরু হচ্ছে আগামীকাল। তবে এই পরীক্ষায় তাঁরা ফর্ম ফিল-আপ করবেন না বলে জানিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষকরা। পরীক্ষা না দেওয়া এবং আইনি লড়াইয়ে চাকরি ফেরানোর দাবিতে এবার মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে গণচিঠি দেবার সিদ্ধান্ত নিয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে রাকেশ আলম জানান, ১৫ হাজারের বেশি যোগ্য শিক্ষক-শিক্ষিকার চিঠি মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হাতে তুলে দেওয়া হবে। এসএসসি-র নিয়োগ পরীক্ষা শুধুমাত্র নতুন চাকরিপ্রার্থীদের জন্য করার দাবি জানান তারা।

*************************

২০২৫-'২৬ শিক্ষাবর্ষে আগামী পয়লা অগস্ট কলেজ ও বিশ্ববিদ্যালয়ের স্নাতকস্তরের প্রথম সেমেস্টারের ক্লাস শুরু হবে। উচ্চশিক্ষা দফতর জানিয়েছে, ১৭ই জুন আনুষ্ঠানিকভাবে খুলে যাবে ভর্তি সংক্রান্ত অভিন্ন পোর্টাল। ১৮ই জুন দুপুর ২টো থেকে ১লা জুলাই পর্যন্ত নাম নথিভূক্তকরণ ও আবেদন জানানো যাবে। ৬ই জুলাই প্রকাশ করা হবে মেধা তালিকা। ২৪ থেকে ৩১শে জুলাই পর্যন্ত তথ্য যাচাইয়ের জন্য ছাত্রছাত্রীদের সশরীরে হাজির হতে হবে। এক জন আবেদনকারী রাজ্যের এক বা একাধিক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সর্বোচ্চ ২৫টি কোর্স-এ আবেদন করতে পারবেন।

এই অনলাইন প্রক্রিয়া যাদবপুর বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কার্যকর হবে না বলেই জানিয়ে দিয়েছে উচ্চ শিক্ষা দফতর।

*************************

ডাক্তারিতে স্নাতক স্তরে ভর্তির নিট-ইউজি পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। রাজ্যের দুই ছাত্র প্রথম ২০-তে জায়গা করে নিয়েছে। সম্ভাব্য প্রথম রাজারহাটের রচিত সিনহা চৌধুরী। সর্বভারতীয় এই পরীক্ষায় রচিতের র‍্যাঙ্ক- ১৬ ।

বর্ধমান CMS স্কুলের ছাত্র রূপায়ণ পাল দেশের মধ্যে ২০-তম স্থান অধিকার করেছে। এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষাতে রাজ্যের মধ্যে প্রথম স্থান অধিকার করে রূপায়ণ। মানুষের সেবায় সে কাজ করতে চায় বলে জানিয়েছে।

( বাইট- রূপায়ণ )

উল্লেখ্য, এবছর ২২ লক্ষ ৯ হাজার ৩১৮ জন পরীক্ষায় বসেছিলেন।

**************************

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলায় গত ১১ই জুন ব্যপক ভাঙচুর, পুলিশের উপর হামলা ও লুটপাটের ঘটনায় বিজেপি NIA তদন্তের দাবি জানিয়েছে। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন ১১ তারিখের হিংসার পর রাজ্য সরকারের তরফে নিরাপত্তা না মেলায় মানুষ আতঙ্কে রয়েছে। সুপরিকল্পিত এই হামলায় এখনো পর্যন্ত ২৬ জন ক্ষতিগ্রস্ত হয়েছেন।

( বাইট- শুভেন্দু ৭.৫০)

শুভেন্দু বাবু অভিযোগ করেন যে, একদিকে ১৬৩ ধারা জারি করে বিজেপি-কে ওই স্থানে যেতে বাধা দেওয়া হচ্ছে, অন্যদিকে ত্রাসের রাজত্ব কায়েম করছে শাসক দল। বিরোধী দল BJP এবং RSS কে কালিমালিপ্ত করার চেষ্টা চলছে বলেও তিনি অভিযোগ করেন।

এদিকে, মহেশতলায় হিন্দুদের উপর আক্রমণ, তুলসী মঞ্চ ভাঙচুর, শান্তিনিকেতনে অবনীন্দ্রনাথ ঠাকুরের বাড়ি ভাঙ্গা এবং বাংলাদেশে রবীন্দ্রনাথ ঠাকুরের কাছারি বাড়ি ভাঙচুরের প্রতিবাদে গতকাল কলকাতায় বিজেপির পক্ষ থেকে এক প্রতিবাদ মিছিল হয়। বিরোধী দলনেতা এই মিছিলে নেতৃত্ব দেন।

একই ইস্যু নিয়ে বর্ধমান শহরেও গতসন্ধ্যায় মিছিল করে বিজেপি।

**************************

২১শে জুলাই দলের সমাবেশের দিনই লোকসভার অধিবেশন ডাকায় ক্ষোভ প্রকাশ করেছে তৃণমূল কংগ্রেস। গতকাল ওই বার্ষিক সমাবেশের প্রস্তুতি নিয়ে বৈঠকে বসে ক্ষমতাসীন দল। জেলা সভাপতি, জেলা চেয়ারম্যান এবং কোর কমিটির সদস্যরা ছাড়াও উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের একাধিক শীর্ষ নেতা। বৈঠকের পর দলের প্রবীণ নেতা সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, সরকারের কাজে রাজ্যের মানুষ। বিধানসভা নির্বাচনের আগে ২১শে জুলাই-এর সমাবেশে অতীতের সব রেকর্ড ভেঙে যাবে বলেও দাবী করেন তিনি।

এদিকে, বাদল অধিবেশনের প্রথম দিন সমাবেশের কারণে তৃণমূল সাংসদরা অধিবেশনে যোগ দেবেন না বলে সুদীপ বাবু জানান। তাঁর অভিযোগ, পহেলগাঁও-এর ঘটনায় সংসদে বিশেষ অধিবেশন চেয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রধানমন্ত্রীকে চিঠি পাঠালেও, তার কোনো জবাব না দিয়ে, সংসদের অধিবেশন এগিয়ে আনা হয়েছে।

মূল বৈঠক শুরুর আগে বীরভূমের তৃণমূল নেতা অনুব্রত মন্ডল এবং কোর কমিটির সদস্য কাজল শেখ-এর সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন, মন্ত্রী অরূপ বিশ্বাস, সুব্রত বক্সী, ফিরহাদ হাকিম প্রমুখ। বৈঠকে অনুব্রত মন্ডলকে দলের তরফে সতর্ক করে দেওয়া হয়েছে বলেও জানা গেছে।

*************************

পুরুলিয়ায় কংগ্রেস থেকে গতকাল বিজেপি'তে যোগ দিয়েছেন বেশ কয়েকজন নেতা কর্মী। পুরুলিয়া জেলা কংগ্রেসের সহ-সভাপতি তথা ঝালদা পৌরসভার প্রাক্তন কাউন্সিলার অভিরঞ্জন কুইরি সহ কংগ্রেসের নানা স্তরের একাধিক কার্যকর্তা গতকাল বিজেপির পতাকা হাতে তুলে নেন।

*************************

রাজ্য সরকারের আগাম অনুমতি ছাড়া কোনও দফতর আর ইচ্ছেমতো কোনও সংস্থার সঙ্গে সমঝোতা পত্র স্বাক্ষর  করতে পারবে না। এই মর্মে রাজ্যের সমস্ত দপ্তর ও জেলা অধিকরণ গুলিকে সতর্ক করে দেওয়া হয়েছে। সরকারকে অন্ধকারে রেখে চুক্তি স্বাক্ষর করায় সম্প্রতি পরিবহণ দফতরের একাধিক চুক্তি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষোভ প্রকাশ করেন। তারপরই মুখ্যসচিবের দফতর থেকে রাজ্যের সমস্ত দফতরকে এই মর্মে বার্তা পাঠানো হয়েছে। কোনও সংস্থার সঙ্গে চুক্তি করতে চাইলে আগে সেই প্রস্তাব মুখ্যসচিবের দফতরে পাঠাতে হবে বলে নির্দেশিকা উল্লেখ করা হয়েছে।

*************************

উত্তরবঙ্গের একশৃঙ্গ গন্ডারের প্রজনন সক্ষমতা ও গড় আয়ু বৃদ্ধি করতে রাজ্য সরকার উদ্যোগি হচ্ছে। জিনগত বৈচিত্র্যের ঘাটতিকে এই সমস্যার মূল বলে চিহ্নিত করে ‘ওয়াইল্ডলাইফ ইনস্টিটিউট অফ ইন্ডিয়া’র সহায়তায় একটি পরিকল্পনা তৈরি করা হচ্ছে। গন্ডারদের মধ্যে জিনগত বৈচিত্র্য বাড়িয়ে প্রজাতির প্রজননক্ষমতা এবং স্বাস্থ্য পুনরুদ্ধার করা এই প্রকল্পের লক্ষ্য বলে উত্তরবঙ্গের মুখ্য বনপাল ভাস্কর জে ভি

জানিয়েছেন। ভিন্ন জিনের গন্ডারদের মধ্যে প্রাকৃতিকভাবে প্রজননের লক্ষ্যে গরুমারা ও জলদাপাড়ার মধ্যে গন্ডার অদলবদলের পরিকল্পনা নেওয়া হয়েছে।

*************************

সামুদ্রিক মাছ শিকারে মাস দু'য়েকের নিষেধাজ্ঞা উঠে যাওয়ায় সুন্দরবনের কাকদ্বীপ, নামখানা, ফ্রেজারগঞ্জ, সীতারামপুর, রায়দিঘি, সাগর, দীঘা থেকে গভীর সমুদ্রে পাড়ি দিয়েছেন মৎস্যজীবীদের দল। এবার প্রায় ২ হাজার ট্রলার সমুদ্রে পাড়ি দিচ্ছে বলে মৎস্যজীবীদের ইউনিয়ান সূত্রে জানা গেছে। ট্রলারগুলিতে ইসরোর প্রযুক্তিতে তৈরি বিশেষ ট্রান্সপন্ডার বসানো হয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

*************************

ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিনে বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, উত্তরবঙ্গে আগামী দুদিন ভারী বৃষ্টির সম্ভাবনা।

( বাইট- অন্বেষা )

*************************

সংস্কারের কাজের জন্য বেশ কিছুদিন বন্ধ থাকার পর বাঁকুড়া-দুর্গাপুর রাজ্য সড়কের ওপর দুর্গাপুর ব্যারাজের রাস্তা আজ খুলে যাচ্ছে। দুপুর ১২'টা থেকে ওই রাস্তা দিয়ে যানবাহন চলাচল শুরু হবে বলে খবর।

একমাসের'ও বেশী সময় ধরে দুর্গাপুর ব্যারাজের সংস্কারের কাজ চলায় এতোদিন নদীবক্ষে অস্থায়ী রাস্তা দিয়েই চলছিল যাতায়েত।

*************************

সৃঞ্জয় বোস মোহনবাগান ক্লাবের নতুন সচিব হয়েছেন। গত সন্ধ্যায় মোহনবাগান নির্বাচন বোর্ডের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায় সচিব হিসেবে সৃঞ্জয়

বোসের নাম অনুষ্ঠানিকভাবে নাম ঘোষণা করেন। মোহনবাগানের ২১ সদস্য নতুন কমিটির নামও ঘোষণা করা হয়েছে।

*************************

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে গতকাল মহিলাদের বেঙ্গল প্রো টি-টোয়েন্টি লিগে স্মাসার্স মালদা, শিলিগুড়ি স্ট্রাইকারস-কে ১৮ রানে অলআউট হারিয়ে দিয়েছে। মালদার ৯ উইকেটে ১১৫ রানের জবাবে শিলিগুড়ির ৯ উইকেটে ৯৭ রান তুলতে সমর্থ হয়।

*******************************************************************